গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

রাজস্ব সভার কার্যবিবরণী

সভা	:	মার্চ/২০২৬ মাসের মাসিক রাজস্ব সভা
তারিখ	:	০৭ এপ্রিল, ২০২৬ খ্রি. মঙ্গলবার
স্থান	:	সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
অংশগ্রহণকারী	:	কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ
সভাপতি	:	জনাব মোঃ মঞ্জুর আলম কর কমিশনার কর অঞ্চল-৩, চট্টগ্রাম

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বেলা ০৩.০০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ	দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	**লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ** ক. ২০২৫-২০২৬ অর্থবছরের মার্চ'২৬ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ৩৩৬৯ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ২১৭৩.৫২ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ১৮৯৩.২৪ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ১৪.৮০%। খ. আগামী ৩ মাসের মধ্যে প্রতিটা সার্কেলের কমপক্ষে ৩০% প্রবৃদ্ধি করতে হবে। গ. রাজস্ব লক্ষ্যমাত্রা আদায়ে মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কর আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং এ ক্ষেত্রে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
২.	**দাখিলকৃত পেপার রিটার্নের অনলাইনে এন্ট্রি (Double Entry) সংক্রান্তঃ** ক. বিগত ২৯/০৩/২০২৬খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক রাজস্ব সভার নির্দেশনা মোতাবেক অফলাইনে দাখিলকৃত সকল স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন আবশ্যিকভাবে **আগামী ১০/০৪/২০২৬খ্রি.** তারিখের মধ্যে অনলাইনে পূর্ণাঙ্গ এন্ট্রি (Double Entry) কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো। খ. ইতোমধ্যে যেসকল সার্কেলে অনলাইনে পূর্ণাঙ্গ এন্ট্রির (Double Entry) কার্যক্রম সম্পন্ন হয়েছে তাঁদেরকে অভিনন্দন জানানো হয়।	সকল পরিদর্শী রেঞ্জ ও সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তা
৩.	**বকেয়া করের পরিস্থিতি ও আদায় সংক্রান্তঃ** ক. এই কর অঞ্চলের অবিতর্কিত বকেয়া আয়কর প্রায় ১৮০০ কোটি টাকা। রাজস্ব প্রবৃদ্ধি বৃদ্ধি করার লক্ষ্যে অবিতর্কিত বকেয়া আয়কর আদায়ে জোর দিতে হবে। ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সার্কেলের কর্মকর্তা হতে অফিস সহকারী পর্যন্ত সকলকেই বকেয়া আয়কর আদায়ে সর্বোচ্চ প্রচেষ্টা রাখতে হবে। খ. যে দিন ব্যাংক জব্দ হবে তাৎক্ষণিকভাবে সেদিনই বকেয়া আয়করের সমপরিমাণ বা তার চেয়ে কম যতটুকু টাকা ব্যাংকে গচ্ছিত আছে ততটুকুই আদায় করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ (আরো কঠোরভাবে তদারকির জন্য জোড়ালো নির্দেশনা প্রদান করা হলো), সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
৪.	**রিটার্ন প্রসেস সংক্রান্তঃ** ক. রিটার্ন প্রসেসের বিষয়ে প্রতিটা সার্কেলেই অধিকতর মনোযোগী হতে হবে যাতে করে ত্রুটিপূর্ণ রিটার্নগুলো হতে আদায় করা যায়। সকল রিটার্ন প্রসেস এর মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে। খ. যেসকল সার্কেলে রিটার্ন প্রসেসের মাধ্যমে দাবী সৃষ্টি হয়েও আদায় সম্পন্ন হয়নি সে সকল সার্কেল কর্মকর্তা/কর্মচারী সকলকেই উক্ত কর আদায় করার সর্বোচ্চ উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক

৫.	**ননফাইলার করদাতা সংক্রান্ত:** ক. আগামী ২ মাসের মধ্যে অবশ্যই সকল ননফাইলার করদাতাদের রিটার্ন দাখিলের জন্য নোটিশ প্রেরণ শেষ করতে হবে। খ. আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করে ননফাইলার হতে নথি চালু করা, কর নির্ধারণ করা এবং কর আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
৬.	**IIC এর কার্যক্রম সংক্রান্ত:** ক. IIC এর অন্তর্ভুক্তির জন্য রাজস্ব ফলপ্রসু নথি অতি দ্রুততার সাথে সংশ্লিষ্ট পরিদর্শী রেঞ্জে প্রেরণ করতে হবে। খ. জাতীয় রাজস্ব বোর্ডের স্বারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২৭.৯৯.০০২৩.২৫.১৪, তারিখ-০৩/০৩/২০২৬খ্রি. এর আদেশবলে পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার অনুকূলে Asycuda World System এর বিজনেস ইন্টেলিজেন্স (বিআই) সার্ভার ব্যবহারের মাধ্যমে করদাতার আমদানীর তথ্য ও আমদানী পর্যায়ে পরিশোধিত অগ্রিম করের তথ্য যাচাই করার সুযোগ প্রদান করা হয়েছে। IIC এর অন্তর্ভুক্ত মামলাসহ যে কোন ঝুঁকিপূর্ণ নথির ক্ষেত্রে উক্ত সিস্টেম ব্যবহার করে করদাতার আমদানীর তথ্য ও আমদানী পর্যায়ে পরিশোধিত অগ্রিম করের তথ্য যাচাই করতে হবে। গ. যে সকল নথিসমূহ IIC এর অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ২১২ ধারার কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেসব মামলা দ্রুত নিষ্পত্তি করে অবশ্যই রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা
৭.	**বিবিধ:** ক. প্রতিটা রাজস্ব সভার কার্যবিবরণী অনুযায়ী পরবর্তীতে কাজ করতে হবে এবং পরবর্তী রাজস্ব সভায় সেটার ফলোআপ দিতে হবে। খ. নিবিড় পরিদর্শন রেজিষ্ট্রার অবশ্যই হালনাগাদ করে তা দ্রুততম সময়ের মধ্যে whatsapp গ্রুপে জানাতে হবে। গ. সিআইসি হতে প্রাপ্ত প্রতিবেদন এবং বিআরটিএ ও সঞ্চয় অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যে সকল মামলায় ২১২/২১৩ ধারার কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা এপ্রিল মাসের মধ্যেই নিষ্পন্ন করতে হবে। উক্ত মামলাসমূহের সৃষ্ট দাবী আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঘ. ১৪৭ ধারার কার্যক্রমের ফলে সৃষ্ট দাবীর বিষয়ে করদাতার সাথে আলোচনা করে সর্বোচ্চ আদায় করতে হবে। ঙ. কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।	সকল পরিদর্শী রেঞ্জ, উপকর কমিশনার সদর দপ্তর টেকনিক্যাল ও সকল সার্কেল কর্মকর্তা

যেহেতু ২০২৫-২০২৬ অর্থবছরের ৩ মাসেরও কম সময় অবশিষ্ট আছে তাই এ সময়কে অতি গুরুত্বপূর্ণ বিবেচনায় নিয়ে কর কমিশনারের নির্দেশনা ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার পরামর্শক্রমে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সার্কেলের মৌলিক কার্যক্রম তথা অডিট ও কর ফাঁকি পুনরুদ্ধারের মামলা নিষ্পত্তি, বকেয়া আয়কর আদায়ের সকল আইনানুগ কার্যক্রম গ্রহণ, নন-ফাইলার করদাতাদের কর নির্ধারণ এবং উৎসে কর কর্তন মনিটরিংসহ অন্যান্য সকল কাজে কর্মোদ্যম বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ ০৭.০৪.২০২৬
(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ২৪৫৬৬(১-৪)

তারিখঃ ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও মনিটরিং সদস্য, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
} .... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

০৭.০৪.২০২৬
(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম